গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নিবাহী অফিসারের কার্যালয়
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
www.bishwambarpur.sunamganj.gov.bd

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের** উদ্যোগে বাস্তবায়নের জন্য প্রস্তাবিত **''অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ''** শীর্ষক প্রকল্পের আওতায় ''অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা, শহীদ প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তানদের'' (প্রযোজ্য ক্ষেত্রে) নিকট থেকে নিম্নে বর্ণিত প্রাধিকার মোতাবেক নির্ধারিত 'ছকে'(সংযুক্ত) দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

১. আবাসন বরাদ্দের ক্ষেত্রে প্রাধিকারসহ অন্যান্য বিবেচ্য বিষয় (যোগ্যতা, অযোগ্যতা ইত্যাদি):

১.১ আবাসন বরাদ্দের জন্য অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা, শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধাদের বিধবা স্ত্রী ও সন্তানদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদন প্রাপ্তির পর আবাসন বরাদ্দের জন্য যথোপযুক্ত সুবিধাভোগী নির্বাচনের ক্ষেত্রে বিবেচ্য যোগ্যতা ও অযোগ্যতা :

১.১.২ অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা যিনি আবাসন প্রাপ্তির জন্য আবেদন করবেন তাঁর অনুকূলে অবশ্যই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃত (ওয়েব সাইটে প্রকাশিত ভারতীয় তালিকা/লালমুক্তিবার্তা অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত চূড়ান্ত তালিকা) বীর মুক্তিযোদ্ধাদের তালিকায় নাম থাকতে হবে।

১.১.৩ যে সকল অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা, শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তান, ইতোপূর্বে এ মন্ত্রণালয় বা কোন সরকারি দপ্তর/সংস্থা হতে প্লট/ফ্ল্যাট/আবাসন বরাদ্দ পাননি বা আবাসনের জন্য কোন ঋণ পাননি, তারাই আলোচ্য প্রকল্পের আওতায় আবাসন বরাদ্দ প্রাপ্তির জন্য যোগ্য হবেন এবং আবেদন করতে পারবেন।

১.১.৪ অসচ্ছল শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী, উপার্জনে অক্ষম প্রতিবন্ধী ও দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত সন্তান এবং উপার্জনে অক্ষম বিধবা/স্বামী পরিত্যক্তা/অবিবাহিতা (বয়স্ক) কন্যা আবাসন বরাদ্দ প্রাপ্তির জন্য বিবেচিত হবেন। একজন শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিপরীতে বিধবা স্ত্রী কিংবা সন্তান কেবলমাত্র একটি আবাসন বরাদ্দ প্রাপ্তির জন্য বিবেচিত হবেন। শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তানের একাধিক ওয়ারিশের ক্ষেত্রে কো-শেয়ারারদের ৩০০/- টাকার নন- জুডিসিয়াল স্ট্যাম্পে অনাপত্তি পত্র থাকতে হবে।

১.১.৫ যে সকল অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা কিংবা শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী ও সন্তানের মালিকানায় কোন ভিটি জমি নাই, তাদের অনুকূলে আবাসন নির্মাণের উপযোগী খাস জমি দখলে থাকলে কিংবা খাস জমি বন্দোবস্ত দেয়া সম্ভব হলে জমি বন্দোবস্ত প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রয়োজনীয় বরাদ্দ প্রদানপূর্বক বাসস্থান বরাদ্দ প্রদান করা যেতে পারে।

১.২ **আবাসন বরাদ্দের ক্ষেত্রে অগ্রাধিকার (পর্যায় ক্রমিকভাবে বিবেচ্য):**

১.২.১ বীরাঙ্গনাদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় থেকে আবেদনের প্রেক্ষিতে সরাসরি বরাদ্দ দেয়া হবে। এ ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কোন যাচাই ব্যতিরেকে আবেদনটি সরাসরি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় যাচাইয়ান্তে সরাসরি তাদের বিপরীতে আবাসন বরাদ্দ দিবে ।

১.২.২ অসচ্ছল ভূমিহীন যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, বিধবা (শেরপুরের বিধবা পল্লী কিংবা অনুরূপ স্বীকৃত কোন বিধবা পল্লীর) ও শহীদ বীর মুক্তিযোদ্ধার স্ত্রী/সন্তান, প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী (অসচ্ছল/ভূমিহীন হলে) অগ্রাধিকার পাবেন ।

১.২.৩ অসচ্ছল/ভূমিহীন বীর মুক্তিযোদ্ধা,উপার্জেনে অক্ষম প্রতিবন্ধী সন্তান এবং উপার্জনে অক্ষম ও বিধবা/স্বামী পরিত্যক্তা কন্যা অগ্রাধিকার পাবেন ।

১.২.৪ স্থায়ীভাবে অক্ষম প্রতিবন্ধীদের ক্ষেত্রে কো- শেয়ারারদের সম্মতি না থাকলেও কমিটি বিশেষ বিবেচনায় সরাসরি বরাদ্দ দিতে পারবে।

১.২.৫ অসচ্ছল/ভূমিহীন বীর মুক্তিযোদ্ধা যিনি সম্মানী ভাতা ব্যতীত অদ্যাবধি সরকারি অন্য কোন সুযোগ- সুবিধা পাননি, বসতভিটা হিসেবে কেবলমাত্র কুড়েঘরের মালিক, সচ্ছল পেশায় নিয়োজিত নন কিংবা দিন মজুরি খেটে জীবিকা নির্বাহ করেন এ ধরনের অসচ্ছল/ভূমিহীন বীর মুক্তিযোদ্ধা এবং শহীদ/প্রয়াত বীর মুক্তিযোদ্ধার বিধবা স্ত্রী/সন্তান আবাসন বরাদ্দের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন ।

**বিশেষ নির্দেশনাবলী :**

০১. দরখাস্ত /আবেদনপত্র প্রাপ্তির স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিশ্বম্ভরপুর ও সকল ইউনিয়ন পরিষদ কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ এর অফিস ওয়েব সাইট www.bishwambarpur.sunamganj.gov.bd

০২. দরখাস্ত/ আবেদনপত্র দাখিলের স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

০৩. দরখাস্ত দাখিলের শেষ তারিখ ও সময় : ২২/০৩/২০২০ তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।

সংযুক্ত: আবেদন পত্রের নমুনা:০১(এক) পাতা।

২৫/৩/২০

(সমীর বিশ্বাস)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
আবাসন বরাদ্দ সুবিধাভোগী নির্বাচন কমিটি
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

স্মারক নং: ০৫.৪৬.৯০১৮.০০০.১৮.০০১.১৯- ১২৮(৩৫)                                        তারিখ: ১৬ মার্চ ২০২০ খ্রি.।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

২। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

৩। উপজেলা ........................................কর্মকর্তা (সকল)/ অফিসার ইনচার্জ, বিশ্বম্ভরপুর থানা, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

৪। চেয়ারম্যান, পলাশ / ফতেপুর / সলুকাবাদ / ধনপুর / বাদাঘাট (দ:) ইউনিয়ন পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

৫। সভাপতি/ সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

৬। জনাব........................................................................., বীর মুক্তিযোদ্ধা,বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

৭। অফিস নোটিশ বোর্ড।

অনুলিপি সদয় অবগতির জন্য।

১। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

১৬/৩/২০২০

(সমীর বিশ্বাস)
উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।